তারিখ ... 22 JAN 1991 ...
পৃষ্ঠা ... 9 ... কলাম ... 4 ...

দৈনিক বাংলা

07

## মেডিক্যালে ভর্তির লিখিত পরীক্ষা শুক্রবার

১ম বর্ষ এমবিবিএস/ডেন্টাল কোর্সে ভর্তি পরীক্ষার আবেদনকারী সকল ছাত্র/ছাত্রীদেরকে আগামী ২৫শে জানুয়ারী শুক্রবার সকাল ৯ টায় নিম্নে বর্ণিত কেন্দ্র সমূহে ভর্তির লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের জন্য এক ঘন্টা পূর্বে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হয়ে আসন গ্রহণ করতে বলা হয়েছে।

উল্লেখ্য যে, ফটোতে দেয়া ক্রমিক নং প্রবেশপত্র বলে গণ্য হবে এবং এই প্রবেশপত্র ছাড়া কাউকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না।

ছেলে পরীক্ষার্থীদের পরীক্ষা কেন্দ্রঃ –ঢাকা বিশ্ববিদ্যালয়, কলা ভবন, ঢাকা।

মেয়ে পরীক্ষার্থীদের পরীক্ষা কেন্দ্রঃ–ঢাকা মেডিকেল কলেজ ও বেগম বদরুন্নেছা সরকারী মহিলা মহা বিদ্যালয়, বকসিবাজার, ঢাকা।

আসন বন্টন পদ্ধতি আগামী ২৪–১–১৯৯১ তারিখ ঢাকা মেডিকেল কলেজ এবং পরীক্ষা কেন্দ্র সমূহের নোটিশ বোর্ডে দেখার জন্য পরামর্শ দেয়া হয়েছে। খবর তথ্য বিবরণীর।